ইত্তেফাক

তারিখ ৫।৩।৮০

463

## এস. এস. সি. পরীক্ষার কেন্দ্রসমূহ বহাল রাখা হউক

সরকার সম্প্রতি এইচ, এস-সি পরীক্ষা কেন্দ্রসমূহ অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়াছেন। আমরা এই সিদ্ধান্তকে অভিনন্দন জানাইতেছি। এই প্রসঙ্গে আমরা আবেদন রাখিতেছি, আসন্ন এস, এস সি, পরীক্ষার সাবেক কেন্দ্রসমূহও অপরিবর্তিত রাখা হউক। বস্তুতঃ গত বৎসর যেখানে যেখানে পরীক্ষা কেন্দ্র ছিল এবং সেসব পরীক্ষা কেন্দ্রে যেসব স্কুল কিংবা কলেজের ছেলে-মেয়ে পরীক্ষা দিয়াছিল এবারেও তাহা অপরিবর্তিত রাখা প্রয়োজন। নতুবা এস, এস, সি, পরীক্ষায় ভাল রেজাল্টের আশা রাখে এরূপ হাজার হাজার পরীক্ষার্থী চরম অসুবিধার সম্মুখীন হইবে। কেননা, অভিজ্ঞতা হইতেই বুঝা যায়, বেশীরভাগ পরীক্ষার কেন্দ্রেই মাইকবাজি চলিবে, হৈ চৈ হইবে এবং গোলযোগ দেখা দেওয়াও বিচিত্র কিছু নয়।

এই অবস্থায় আমাদের বক্তব্য উড়ো অভিযোগে কান না দিয়া আগেকার পরীক্ষা কেন্দ্রগুলিতে কড়াকড়িভাবে গার্ড ও ইনভিজিলেটর রাখার ব্যবস্থা হউক এবং ক্যাডেট কলেজসমূহের পরীক্ষা কেন্দ্রগুলিতে সমুদয় গার্ড ও ইনভিজিলেটর বাহিরের স্কুল-কলেজ হইতে গ্রহণ করা হউক। তাহা হইলেই কোন কথা উঠিবার অবকাশ ঘটিবে না।

এস এস সি পরীক্ষা আসন্ন। আমরা আশাকরি বোর্ড তথা সরকার জরুরী ভিত্তিতে অবিলম্বে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং ক্যাডেট কলেজসহ অপরাপর শিক্ষা প্রতিষ্ঠানের এস এস সি পরীক্ষার সাবেক কেন্দ্রসমূহ বহাল রাখেন।

—কতিপয় অভিভাবক, ঢাকা।